দৈনিক বাংলা

তারিখ 12 MAY 1994
পৃষ্ঠা 9 কলাম 2

36

# কুষ্টিয়া মেডিক্যাল স্কুল ৬ বছর বন্ধ ঃ ৭০ জন কর্মচারীর কাজ নেই

নিজস্ব সংবাদদাতা ঃ কুষ্টিয়া, ১১ মে।—কুষ্টিয়া মেডিক্যাল এসিসটেন্ট স্কুল দীর্ঘ প্রায় ৬ বছর যাবত বন্ধ থাকলেও ৭০ জন কর্মচারী বসে বসে নিয়মিত বেতন পাচ্ছেন। ফলে সরকারকে প্রতিমাসে ১ লাখ ৬০ হাজার ৮৯০ টাকা ভর্তুকি দিতে হচ্ছে।

গত ১৯৭৬ সালে কুষ্টিয়াতে মেডিক্যাল এসিসট্যান্ট ট্রেনিং স্কুল স্থাপিত হবার পর থেকে ১৯৮৮ সাল পর্যন্ত ৬২৫ জন ছাত্র-ছাত্রী স্কুলে ভর্তি হয় ও পরীক্ষায় পাস করে। কিন্তু ৮৮ সালের জুলাই মাস থেকে কোন ছাত্রছাত্রী ভর্তি না হওয়ায় মেডিক্যাল এসিসটেন্ট ট্রেনিং স্কুলের কার্যক্রম বন্ধ হয়ে যায়। ফলে, স্কুলের ৭০ জন কর্মচারীর কোন কাজ না থাকায় সরকারকে প্রতি মাসে কর্মচারীদের বেতন বাবদ ১ লাখ ৬০ হাজার ৮৯০ টাকা করে ভর্তুকি দিতে হচ্ছে।

স্থানীয় জনসাধারণ মেডিক্যাল এসিসট্যান্ট স্কুলটি অবিলম্বে চালু অথবা জেলা পর্যায়ে অনুমোদিত ২৫০ বেডের হাসপাতাল করার জন্য সরকারের হস্তক্ষেপ কামনাকরেছেন।